"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
Email: pdkishori2018@gmail.com

**স্মারক নংঃ** ৩২.০১.০০০০.০০৩.১৪.০০২.১৮-৬৬২ তারিখঃ২৮/১১/২০১৯

## ক্লাব পরিচালনার জন্য নির্দেশনাবলী

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা), উপহেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সঙ্গীত ও আবৃত্তি বিষয়ক বিশেষজ্ঞের আন্তরিক প্রচেষ্টায় মাঠ পর্যায়ে জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকদের প্যানেল পাওয়া গিয়েছে। যার ফলে উক্ত পদসমূহের নিয়োগ প্রদান করা সম্ভব হয়েছে। যদিও আগ্রহী আবেদনকারীর অভাবে সকল উপজেলার সকল ইউনিয়ন হতে প্রয়োজনীয় সংখ্যক সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক পাওয়া যায়নি। শূন্য পদসমূহে জরুরী ভিত্তিতে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ক্লাব পরিচালনার নিমিত্ত জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক, আবৃত্তি শিক্ষকদের সম্মানী ভাতা, ক্লাবের কো-অর্ডিনেটরদের সম্মানী, ক্লাবের নাস্তা ব্যয়, হারমোনিয়াম, তবলা, মহান বিজয় দিবস উৎযাপন ব্যয়, ক্লাবসমূহের রেজিষ্টার খাতা, স্যানিটারী ন্যাপকিন, ক্লাব স্টেশনারীর বরাদ্দ সমূহ যথাশীঘ্র উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসারদের অনুকূলে আইবাসের মাধ্যমে প্রেরণ করা হবে। এছাড়া ক্লাব সমূহ যথাযথ ভাবে পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

- উপজেলা ক্লাব ব্যবস্থাপনা কমিটির সভাপতির অনুমোদন ক্রমে আর্থিক বিধি বিধান প্রতিপালন সার্পেক্ষে ব্যয় নির্বাহ করতে হবে।
- উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর এর (সকল জেলা) ইমেইলে প্রেরিত জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকদের নিয়োগপত্র সমূহ যথাশীঘ্র উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগনের অনুকূলে প্রেরণ করবেন।

- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগন নির্বাচিত জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকদের অনুকূলে নিয়োগপত্র প্রেরণ করবেন এবং নির্ধারিত তারিখে তাদের যোগদানপত্র গ্রহণ করে অফিসে সংরক্ষন করবেন।
- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ প্রত্যেক ক্লাবের অনুকূলে ৩ টি রেজিষ্টার (১ টি ক্লাব সদস্যদের তালিকা রেজিষ্টার, ১ টি হাজিরা রেজিষ্টার, ও ১ টি পরিদর্শন রেজিষ্টার) ৩*১০০=৩০০ (তিনশত) টাকা ব্যয়ে ক্রয় করবেন এবং ক্লাবে এর ব্যবহার নিশ্চিত করবেন।
- চালুকৃত প্রত্যেকটি ক্লাবে যথাযথ মর্যাদায় মহান বিজয়দিবস/১৯ উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইউনিয়ন পর্যায়ে ক্লাব সমূহ উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত মহান বিজয় দিবস/১৯ এর কুজকাওয়াজে অংশগ্রহণ করবে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ক্লাব দিবসসমূহে (শুক্রবার ও শনিবার) প্রতি ক্লাবে জনপ্রতি ৩০ টাকা হিসাবে ৩৫ জনের মানসম্মত নাস্তার আয়োজন করতে হবে। নাস্তার উপকরণ সমূহ সিদ্ধ ডিম/কেক/বাটার বন/মৌসুমী ফল/ মিষ্টি/ দই/জুস ইত্যাদি ।
- মহিলা বিষয়ক অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত কোন উদ্যোক্তা/সদস্য ক্লাবে নাস্তা সরবরাহে আগ্রহী হলে তাদেরকে যথাসম্ভব অগ্রাধিকার দিতে হবে। ক্লাব কোর্ডিনেটর এ বিষয়ে সার্বিক দায়িত্ব পালন করবেন।
- ক্লাব পরিচালনার নিমিত্ত ব্যবহারিত বিদ্যালয়ের শ্রেণি কক্ষটি যথাসম্ভব পরিষ্কার রাখতে হবে। এক্ষেত্রে ক্লাব কো-অর্ডিনেটরগন ক্লাবের সদস্যগনকে এ বিষয়ে উদ্বূদ্ধ করবেন।
- ক্লাব হিসাবে বিদ্যালেয়ের ব্যবহৃত কক্ষটি যথাসময়ে খুলে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগনকে অনুরোধ করা হলো।
- ক্লাব সূচীসমূহ বিদ্যালয় কর্তৃপক্ষকে অবহিত করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসারগণকে অনুরোধ করা হলো।
- ক্লাব পরিচালনা নির্দেশিকা ও প্রশিক্ষণ মডিউল প্রেরণের পূর্বপর্যন্ত জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকগণ ক্লাব কার্যক্রম পরিচালনার

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ/প্রোগ্রাম অফিসারগণকে অনুরোধ করা হলো।

- ফিল্ড সুপারভাইজারগণকে নিয়মিত ক্লাব কার্যক্রম মনিটর করার জন্য অনুরোধ করা হলো।
- উপজেলা নির্বাহী অফিসার, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসারগণকে সুষ্ঠুভাবে ক্লাব পরিচালনায় স্বার্থে ক্লাব পরিদর্শণের জন্য অনুরোধ করা হলো।
- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকগণকে যথাযথভাবে পরিচালনা পূর্বক ক্লাব কার্যক্রম সচল রাখবেন। এছাড়া ক্লাব পরিচালনার বিষয়ে তিনি সার্বিক বিষয় সমন্বয় ও মনিটর করবেন।
- যে সকল ক্লাবে জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং কোন শূন্য পদ নেই শুধুমাত্র তাদেরকে সার্বিকভাবে ক্লাব পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।
- ক্লাব সংক্রান্ত প্রতিবেদন সংক্রান্ত ছক মোতাবেক প্রতি মাসের ৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
- ক্লাব চালুকরণ সংক্রান্ত প্রতিবেদনে সংযুক্ত ছক মোতাবেক আগামী ০৫/১২/২০১৯ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা) কে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

২৮/১১/২০১৯

বিকাশ চন্দ্র সিকদার

প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

২৮/১১/১৯

মাসিক প্রতিবেদনের ছক (উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জেন্ডার প্রোমোটার)

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | ক্লাব সদস্য সংখ্যা | উপস্থিতি সদস্য সংখ্যা |
|---|---|---|---|
| | | | |

## মাসিক প্রতিবেদনের ছক (উপপরিচালক ও ফিল্ড সুপারভাইজার)

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | ক্লাব সদস্য সংখ্যা | উপস্থিতি সদস্য সংখ্যা |
|---|---|---|---|
| | | | |

# মাসিক পরিদর্শণ ছক

| পরিদর্শণের তারিখ ও সময় | পরিদর্শণকারীর নাম ও পদবী | পরিদর্শণ বিবরণী সংক্ষিপ্ত | মন্তব্য |
|---|---|---|---|
| | | ক্লাসের বিষয় ও শিক্ষকের নাম, উপস্থিতির সংখ্যা ক্লাবের পরিবশ (পরিষ্কার-পরিচ্ছন্নতা) , নাস্তার মেন্যু ও মান, ক্লাবের সদস্যদের পারস্পরিক সম্পর্ক, কোন সমস্যা (যদি থাকে)। | • পরিলক্ষিত বিষয়সমূহ ভালো হলে ধন্যবাদ।<br>• সংশোধনযোগ্য কোন বিষয় থাকলে সংশোধনের পদ্ধতি<br>• সমস্যা সমাধানে কারা দৃষ্টি আকর্ষণ প্রয়োজনীয় কিনা? |

## মাসিক প্রতিবেদনের ছক (উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)

| ক্রমিক নং | উপজেলার নাম | ক্লাব সংখ্যা | চালুকৃত ক্লাবের সংখ্যা |
|---|---|---|---|
| | | | |